# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 09-03-2026** **Time: 1.30 PM**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, গত কয়েক বছরে ভারতের স্বাস্থ্য পরিকাঠামো মজবুত হয়েছে। সব কা সাথ সব কা বিকাশ সাধারণ মানুষের আকাঙ্খা পূরণ শীর্ষক ওয়েবিনারে বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী একথা বলেন।

২) সংসদের বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্বে আজ উভয় কক্ষে টি টোয়েন্টি বিশ্বকাপ ক্রিকেটে চ্যাম্পিয়ান ভারতীয় দলকে অভিনন্দন জানানো হয়।

# বিরোধীদের হই হট্টগোলের জেরে লোকসভার অধিবেশন বেলা তিনটে পর্যন্ত মুলতুবি।

৩) বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর বলেছেন, সরকার পশ্চিম এশিয়ায় উদ্ভূত পরিস্থিতির দিকে নজর রাখছে। নাগরিক সুরক্ষা ও নিরাপত্তা সুনিশ্চিত করা সরকারের অগ্রাধিকার।

৪) মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে কমিশনের ফুল বেঞ্চ আজ পশ্চিমবঙ্গের স্বীকৃত রাজনৈতিক দলগুলির সঙ্গে  বৈঠক করেছে।

৫) ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রক আয়োজিত বিকশিত ভারত যুব সংযোগ কর্মসূচীর দ্বিতীয় পর্বের আজ সূচনা হয়েছে।

---------------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, গত কয়েক বছরে ভারতের স্বাস্থ্য পরিকাঠামো মজবুত হয়েছে। সবকা সাথ – সবকা বিকাশ, সাধারণ মানুষের আকাঙ্খা পূরণ শীর্ষক, বাজেট পরবর্তী ওয়েবিনারে বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, মানুষের আকাঙ্কা পূরণ কেবলমাত্র আলোচনার বিষয়বস্তু নয়, তা বাজেটের মূলভিত্তি ও সরকারের দায়বদ্ধতাকে সূচিত করে।

প্রতিষেধক ও সার্বিক স্বাস্থ্যের দিকে নজর রেখে সরকার কাজ করে চলেছে বলে উল্লেখ করে তিনি বলেন, দেশের অনেক জেলায় বহু নতুন মেডিকেল কলেজ তৈরি হচ্ছে। আয়ুষ্মান ভারত প্রকল্প, আরোগ্য মন্দির, স্বাস্থ্য পরিষেবা, দেশের গ্রামগুলিতে ছড়িয়ে দেওয়া হচ্ছে। তিনি বলেন, ভারতের যোগা ও আয়ুর্বেদ সারা বিশ্বে জনপ্রিয়তা অর্জন করছে। পরিচর্যামূলক অর্থনীতির উত্থানের প্রতি গুরুত্ব দিয়ে শ্রী মোদী বলেন, সেবামূলক কাজের প্রতি চাহিদা, গোটা বিশ্বে বেড়ে চলেছে। এই ক্ষেত্রে দেশের যুব সম্প্রদায়ের কাছে নতুন দক্ষতা ভিত্তিক কাজের সুযোগ তৈরি হচ্ছে বলে তিনি জানান।

বাইট

----------------

সংসদের বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্ব আজ শুরু হয়েছে। লোকসভায়, সকাল ১১ টায়, অধিবেশনের শুরুতে সদ্য প্রয়াত শিলংয়ের সাংসদ এবং ভয়েস অফ দ্য পিপল পার্টির নেতা ডঃ রিকি অ্যান্ড্রু জে. সিংকনের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। কুমারী সুশীলা ত্রিরিয়া, দেবী বক্স সিং, পূর্ণমাসি রাম এবং কে.পি. উন্নিকৃষ্ণনের প্রতি সদস্যরা শ্রদ্ধা জ্ঞাপন করেন।

----------------

বেলা ১২ টার পর ফের সভার কাজ শুরু হলে আইসিসি পুরুষদের টি টোয়েন্টি বিশ্বকাপে নিউজিল্যান্ডকে হারিয়ে চ্যাম্পিয়ন ভারতীয় দলকে অভিনন্দন জানানো হয়। লোকসভার সভাপতি জগদম্বিকা পাল বলেন, ভারতের এই জয় দেশজুড়ে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে উদযাপন করা হচ্ছে। তিনি বলেন, পুরো টুর্নামেন্ট জুড়ে, ভারতীয় দল দক্ষতা, এবং শৃঙ্খলা প্রদর্শন করেছে।

এদিকে, বিরোধীদের হইহট্টগোলের জেরে লোকসভায় অধিবেশন বেলা ৩ টে পর্যন্ত মুলতুবি হয়ে গেছে।

----------------

রাজ্যসভায় আজ আইসিসি পুরুষদের টি টোয়েন্টি বিশ্বকাপে নিউজিল্যান্ডকে হারিয়ে চ্যাম্পিয়ন ভারতীয় দলকে অভিনন্দন জানানো হয়। রাজ্যসভার চেয়ারম্যান সি পি রাধাকৃষ্ণণ বলেন, পর পর দুবার এবং সব মিলিয়ে ৩ বার ভারত এই ট্রফি জয় করলো। গোটা টুর্নামেন্ট জুড়ে দলের অভূতপূর্ব পারফরম্যান্স সকলকে আনন্দিত করেছে এবং গোটা দেশের ক্রিকেট প্রেমীদের কাছে তা গর্বের বিষয়।

(BYTE - C. P. RADHAKRISHNAN)

এর আগে, সকাল ১১ টায় সভার অধিবেশন শুরু হলে, সদস্যরা সদ্য প্রয়াত প্রাক্তন সাংসদ মুকুল রায়, ডঃ জনার্দন ওয়াঘমারে এবং এইচ. কে. দুয়ার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন।

----------------

বিদেশ মন্ত্রী ডঃ এস জয়শঙ্কর আজ রাজ্যসভায় পশ্চিম এশিয়ার পরিস্থিতি নিয়ে বক্তব্য রাখেন। সদ্যসদের অবহিত করে তিনি বলেন সরকার পশ্চিম এশিয়ার উদ্ভূত পরিস্থিতির দিকে নিবিড় ভাবে নজর রেখে চলেছে। সংশ্লিষ্ট মন্ত্রকগুলি বর্তমান অবস্থায় কার্যকর ব্যাবস্থা সুনিশ্চিত করতে সমন্বয় রেখে কাজ করছে। পরিস্থিতির জটিলতা প্রসঙ্গে শ্রী জয়শঙ্কর বলেন সরকার নাগরিকদের সুরক্ষা ও নিরাপত্তা সুনিশ্চিত করতে কাজ করছে।

বাইট- জয়শঙ্কর

তিনি বলেন, সরকার বিশ্বাস করে, আলোচনা ও কূটনীতি ওই অঞ্চলের উত্তেজনা হ্রাস করতে সহায়ক হবে।

---------------

রাজ্যসভায় আজ পশ্চিম এশিয়া সংঘর্ষ নিয়ে বিদেশমন্ত্রী জয়শঙ্করের বিবৃতিদানকালে বিরোধীদের আচরণে ক্ষোভ প্রকাশ করেছেন সভার নেতা জে পি নাড্ডা। তিনি বলেন, কংগ্রেসের আগ্রহ বিতর্কে অংশগ্রহণ করা নয়। শুধুই নৈরাজ্য সৃষ্টি করা। বিরোধীরা আলোচনায় অংশগ্রহণে উৎসাহী নয় বলে মন্তব্য করে শ্রী নাড্ডা বলেন, তারা কেবলই সভা বাঞ্চাল করতে চায়। এই প্রসঙ্গে সংসদের বিগত অধিবেশনে, বিরোধীদের একই ধরনের আচরণের দৃষ্টান্ত তুলে ধরেন তিনি। গত ডিসেম্বরে নির্বাচনী সংস্কার, মহাকাশ কার্যক্রম নিয়ে আলোচনার সময় বিরোধীরা ওয়াকআউট করেন। একই ধরনের আচরণ দেখা যায়, অপারেশন সিন্দুর ও পহেলগাঁও-এ সন্ত্রাসবাদী হামলা ও ওয়াকফ বিল নিয়ে। এই আচরণ গণতন্ত্রের পক্ষে ভাল নয়।

---------------

আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে রাজ্য সফররত মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ আজ এরাজ্যে স্বীকৃত রাজনৈতিক দলগুলির সঙ্গে বৈঠক করেছে।

রাজারহাটে আয়োজিত ওই বৈঠকে জাতীয় স্তরে স্বীকৃত ৬টি দল BJP, BSP, CPI(M), কংগ্রেস, আম আদমি পার্টি ও NPP (ন্যাশানাল পিপিলস পার্টি) এবং আঞ্চলিক দল তৃণমূল কংগ্রেস ও ফরোয়ার্ড ব্লক এর প্রতিনিধিরা অংশ নিচ্ছেন।

কমিশনের প্রতিনিধিরা আইন বলবৎকারী সংস্থাগুলির নোডাল অফিসারদের সঙ্গেও বৈঠক করবেন। পাশাপাশি নির্বাচনের প্রস্তুতি পর্যালোচনা করতে তারা রাজ্য পুলিশের IG, বিভিন্ন রেঞ্জের DIG, পুলিশ কমিশনার, জেলা নির্বাচনী আধিকারিক ও পুলিশ সুপারদের সঙ্গে আলোচনায় বসবেন।

আগামীকাল ১০'ই মার্চ নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ রাজ্যের মুখ্য সচিব, মুখ্য নির্বাচনী আধিকারিক, রাজ্য পুলিশের ডিজি, কেন্দ্রীয় বাহিনীর নোডাল অফিসার সহ প্রশাসনের বরিষ্ঠ আধিকারিকদের সঙ্গে বৈঠকে মিলিত হবেন। বুথ লেভেল আধিকারিকদের সঙ্গেও তাঁদের মতবিনিময় করার কথা।

----------------

রাজ্যসভার আসন্ন দ্বিবার্ষিক নির্বাচনে বিহার, উড়িষ্যা ও হরিয়ানার জন্য বিজেপি কেন্দ্রীয় পর্যবেক্ষক নিয়োগ করেছে। ছত্তিসগড়ের উপ মুখ্যমন্ত্রী বিজয় শর্মা ও কেন্দ্রীয় মন্ত্রী হর্ষ মালহত্রা বিহারে, গুজরাটের উপ মুখ্যমন্ত্রী হর্ষ সাংভি হরিয়ানায়, মহারাষ্ট্রের মন্ত্রী চন্দ্রশেখর বাওানকুলে উড়িষ্যার কেন্দ্রীয় পর্যবেক্ষক নিযুক্ত হয়েছেন। বিজেপির সর্বভারতীয় সভাপতি নিতিন নবীন আজ এদের নিযুক্ত করেন।

-----------------

অসামরিক বিমান চলাচল মন্ত্রক পশ্চিম এশিয়ার উদ্ভূত পরিস্থিতির ওপর নজর রেখে চলেছে। । যাত্রীদের সুরক্ষা এবং সুশৃঙ্খলভাবে বিমান চলাচল সুনিশ্চিত করতে বিমান সংস্থাগুলি বর্তমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে। মন্ত্রক এক বিবৃতিতে বলেছে যে বর্তমান অবস্থা অনুসারে, ভারতীয় বিমান সংস্থাগুলি আজকের জন্য ৫০ টি বিমান পরিষেবার রেখেছে। । মন্ত্রক জানিয়েছে যে বিমান সংস্থা এবং সংশ্লিষ্ট পক্ষের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখা হয়েছে এবং টিকিটের দাম যুক্তিসঙ্গত রাখার জন্য বিমানের ভাড়াগুলিও নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে।

-----------------

ইরানে, প্রয়াত সর্বোচ্চ নেতা আয়াতুল্লা আলি খামেনেই এর পুত্র মোজতবা খামেনিই কে তার উত্তরসূরী হিসেবে মনোনীত করা হয়েছে। ইরানের রাষ্ট্রীয় টেলিভিশন

ঘোষণা করেছে যে ইরানের ইসলামিক রেভলিউশনারি গার্ড কোর (আইআরজিসি) এই নতুন নেতার প্রতি আনুগত্য জানিয়েছে। এতে বলা হয়েছে, আইআরজিসি, সর্বোচ্চ নেতা মোজতবা খামেনির নির্দেশ অনুসরণ করতে প্রস্তুত, এবং একই সঙ্গে তারা নির্বাচনকেও সমর্থন করে।

হোয়াইট হাউস মোজতবা খামেনির নিয়োগের বিষয়ে এখনও কিছু জানায় নি। তবে, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এর আগে এ সম্পর্কে নেতিবাচক দৃষ্টিভঙ্গি প্রকাশ করেছেন। গত সপ্তাহে অ্যাক্সিওসের সঙ্গে এক সাক্ষাৎকারে ট্রাম্প বলেন, তিনি এমন একজনকে চান যিনি ইরানে সম্প্রীতি এবং শান্তি আনবেন। ট্রাম্প ইরানের পরবর্তী নেতা নির্ধারণে মার্কিন যুক্তরাষ্ট্রের ভূমিকা থাকার কথা উল্লেখ করে সতর্ক করে দিয়েছেন যে তার অনুমোদন ছাড়া কোনও নতুন নেতা বেশি দিন টিকতে পারবেন না।

----------------

ইরানের সঙ্গে যুদ্ধের জেরে সাতজন মার্কিন সেনা নিহত হয়েছেন বলে মার্কিন প্রতিরক্ষা বিভাগ জানিয়েছে। গতরাতে ইরানের হামলায় আরও এক মার্কিন সেনা কর্মীর মৃত্যু হয়েছে বলে জানায় মার্কিন সেন্ট্রাল কম্যান্ড। এদিকে, ইজরায়েলের প্রতিরক্ষা বাহিনী জানিয়েছে, ইরানের রেভোলিউশনারি গার্ড কোর বিমান বাহিনীর সদর দপ্তরে হামলা চালিয়েছে।

অন্যদিকে সৌদি আরবের প্রতিরক্ষা মন্ত্রক জানায়, Empty Quarter মরুভূমি এলাকায় অবস্থিত দেশের বৃহৎ তৈল শোধনাগার ক্ষেত্র শাইবা-কে নিশানা করা একটি ড্রোনকে নষ্ট করা হয়েছে।

-----------------

পশ্চিম এশিয়াতে উত্তপ্ত পরিস্থিতির প্রেক্ষিতে অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি ১০০ মার্কিন ডলার ছাড়িয়েছে। গত শুক্রবার অপরিশোধিত তেলের দাম ৯২ ডলার ৬/৯ সেন্ট থেকে বেড়ে ১ শো ১ ডলার ১/৯ সেন্ট হয়। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ট্রুথ সোশ্যালে এক পোস্টে, বলেছেন ইরানের পারমাণবিক সক্ষমতা ধ্বংস হয়ে গেলেই অপরিশোধিত তেলের দাম দ্রুত হ্রাস পাবে।

-----------------

বাংলাদেশে তীব্র বিদ্যুৎ সংকটের কারণে, ঈদের ছুটি এগিয়ে এনে আগামী সোমবার থেকে সমস্ত সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ছুটি ঘোষণা করা হয়েছে। বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় করার জন্যেই এই পদক্ষেপ। শিক্ষা মন্ত্রকের তরফে, এই নির্দেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে। উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের গবেষণাগার, হোস্টেল ও ক্লাসরুমের জন্য বিপুল পরিমাণের বিদ্যুৎ খরচের প্রেক্ষিতেই এই সিদ্ধান্ত।

-----------------

নতুন দিল্লীতে ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রক আয়োজিত বিকশিত ভারত যুব সংযোগ কর্মসূচীর দ্বিতীয় পর্বের আজ সূচনা হয়েছে। এই উদ্যোগ Mera Yuva Bharat, MY Bharat এর মাধ্যমে বিকশিত ভারত ২০৪৭ গঠনে যুবসমাজের অংশগ্রহণকে সুনিশ্চিত করবে। জাতীয় রাজধানী অঞ্চলের ৩৫ টি কলেজ থেকে ১০ হাজার ছাত্র ছাত্রী এই প্রোগ্রামে অংশ নেবেন। দেশের উন্নয়ন যাত্রার সঙ্গে তরুণ প্রজন্মকে যুক্ত করতে বিভিন্ন আলোচনা মূলক অধিবেশনের আয়োজন করা হয়েছে। ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারত ইয়ং লিডার্স ডায়ালগের উপস্থাপক এবং বিকশিত ভারত ইয়ুথ পার্লামেন্টের বিজয়ী সহ যুব আইকনরা শিক্ষার্থীদের সঙ্গে আলাপচারিতা করেন।
এই উদ্যোগ ইতিমধ্যেই ২২টি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের ২ শো ৭৪টি বিশ্ববিদ্যালয় এবং কলেজে পৌঁছেছে।

-----------------

ভারতীয় আবহাওয়া দপ্তর (IMD) আজ হিমাচল প্রদেশের বিভিন্ন স্থানে তীব্র তাপপ্রবাহের পূর্বাভাস দিয়েছে। গুজরাট, রাজস্থান এবং বিদর্ভেও এই পূর্বাভাস। আজ ও আগামিকাল গুজরাট, মধ্য মহারাষ্ট্র এবং মারাঠওয়াড়ায় উষ্ণ এবং আর্দ্র আবহাওয়ার পূর্বাভাস রয়েছে। IMD জানিয়েছে আগামী দুই দিন

বিহার, ঝাড়খণ্ড, পশ্চিমবঙ্গ, সিকিম, জম্মু ও কাশ্মীর, লাদাখ, কেরালা এবং ভারতের উত্তর-পূর্বাঞ্চলে বজ্রপাতের সঙ্গে ঝড়ো বাতাস বয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

---------------- ----------------